

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 08-07-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM :

রিও ডি জেনিরোতে চলতি ব্রিকস শীর্ষ সম্মেলনের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী পরিবেশ, কপ ৩০ (COP 30) এবং বিশ্ব স্বাস্থ্য বিষয়ক অধিবেশনে অংশ নেন। প্রধানমন্ত্রী জানান, ভারতের কাছে জলবায়ু ন্যায়বিচার কোনো বিকল্প নয়, বরং এটি একটি নৈতিক কর্তব্য। তিনি বলেন, কিছুজনের কাছে পরিবেশ শুধুমাত্র একটি সংখ্যাতন্ত্র কিন্তু ভারতের জন্য পরিবেশ হলো কয়েক প্রজন্ম ধরে বয়ে চলা এক গুরুত্বপূর্ণ মূল্যবোধ। পরিবেশগত কর্মতৎপরতায় ভারতের গভীর দায়বদ্ধতার কথা পুনর্ব্যক্ত করে শ্রী মোদী এই গ্রহের জন্য ভারতের গৃহীত কল্যাণকর এবং জনমুখী উদ্যোগগুলির কথা বিস্তারিত আলোচনা করেন। সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী মোদী, বলিভিয়ার রাষ্ট্রপতি লুই আর্সে কাটাকোরা ও উরুগুয়ের রাষ্ট্রপতি ইয়ামান্ডু ওরসিওনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী ব্রাজিলের উদ্দেশে রওনা হন। ব্রাজিলে ভারতের রাষ্ট্রদূত দীনেশ ভাটিয়ে জানিয়েছেন, প্রধানমন্ত্রীর ব্রাজিল সফরকালে সন্ত্রাসবাদ মোকাবিলায় সহযোগিতা সহ ৪টি সমঝোতা স্মারকপত্র মৌ স্বাক্ষরিত হবে।

Rajnath Sing-D.A.D. Conference :

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, গোটা বিশ্বের দেশগুলি এখন ভারতের প্রতিরক্ষা ক্ষেত্রের দিকে সমীহের চোখে দেখছে। নয়াদিল্লিতে প্রতিরক্ষা হিসাব বিভাগ ডি এ ডি'র কনট্রোলারদের সম্মেলনে গতকাল একথা বলেন। শ্রী সিং আরও বলেন, অপারেশন সিন্দুরে গোটা পৃথিবী ভারতের শৌর্য এবং প্রতিরক্ষা ক্ষেত্রে দেশীয় প্রযুক্তির শক্তি ও সামর্থ্যের প্রমাণ পেয়েছে। তিনি

এই সাক্ষ্যের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বকেই মূল চালিকাশক্তি বলে জানান। উল্লেখ্য তিনদিনের এই সম্মেলনে প্রতিরক্ষা অর্থায়ন ও অর্থনীতিতে আর্থিক পরামর্শ, অর্থ প্রদান, হিসাব ও দায়বদ্ধতায় রূপান্তরের ভাবনাকে ভিত্তি করেই এইসম্মেলনে আলোচনা হচ্ছে।

#####Byte-Rajnath Sing#####

Pranajit Singha Roy :

ষোড়শ অর্থ কমিশনের উদ্যোগে গতকাল নতুন দিল্লিতে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণ করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় এডিসি এলাকার পরিকাঠামো উন্নয়নের প্রয়োজনীয়তা বিস্তারিতভাবে তুলে ধরেন ও এলাকার সার্বিক উন্নয়ের জন্য ষোড়শ অর্থ কমিশনকে বিশেষ অনুদান প্রদানের আহ্বান জানান। অর্থমন্ত্রী শ্রী রায় রাজ্যের পরিকাঠামোগত ঘাটতি, বিশেষত বর্ষার সময়ে সড়ক ও রেল যোগাযোগের ক্ষেত্রে প্রতিবন্ধকতার কথা তুলে ধরে অতিরিক্ত অর্থ বরাদ্দ করার আহ্বান জানান। সভায় মাদক পাচার মোকাবিলার জন্য সীমান্ত এলাকায় অতিরিক্ত পুলিশ বাহিনী মোতায়েন করার উপর গুরুত্ব আরোপ করেন অর্থমন্ত্রী শ্রী রায়।

Swacch Bharat Mission :

উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ে স্বচ্ছ ভারত মিশন গ্রামীণ-এর অন্তর্গত বিভিন্ন কর্মসূচির পর্যালোচনা করেন পূর্ত দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে। তিনি বলেন, প্রতিটি প্রকল্প রূপায়ণে স্বচ্ছতা বজায় রাখতে হবে এবং অন্যদেরকেও এর জন্য অনুপ্রাণিত করতে হবে। জেলার বিভিন্ন ব্লক এলাকায় স্বচ্ছ ভারত মিশনে কি কি কাজ করা হচ্ছে এবং কিভাবে এই কাজের গতি আরও বাড়ানো যায় তা নিয়ে গুরুত্বারোপ করেন সচিব।

Workshop for Engineers :

গুর্থাবস্থিতে পূৰ্ত দপ্তরে নবনযুক্ত প্রকৌশলীদেৰ পাঁচদিনেৰ প্রশিক্ষণ শিবির শুরু হযেছে। গতকাল শিবিরেৰ উদ্বোধন কৰেন মুখ্যসচিব জে কে সিনহা। তিনি প্রকৌশলীদেৰ প্রতিটি সরকারি প্রকল্পেৰ গুণগতমান বজায় রেখে সঠিক সময়ে কাজ শেষ কৰাৰ আহ্বান জানান।

Anti Drug :

নেশাৰ বিৰোধী সচেতনতা গড়ে তুলতে গতকাল গান্ধীগ্রাম দ্বাদশ শ্ৰেণি বিদ্যালয়ে আলোচনা সভাৰ আয়োজন কৰা হয়। সভায় আলোচনা কৰেন পঞ্চায়েত সমিতিৰ চেয়ারম্যান দীপক কুমার সিনহা, মোহনপুর মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ।

World Organic Day :

সাক্ৰম মাইকেল মধুসূদন দত্ত কলেজেৰ এনএসএস ইউনিট ও কলেজ এলামনিৰ যৌথ উদ্যোগে গতকাল বিশ্ব জৈব পণ্য দিবস উদযাপন কৰা হয়। এৰ মূল লক্ষ্য হলো পরিবেশগত চ্যালেঞ্জেৰ মধ্যে জৈব বৈচিত্ৰ ভিত্তিক পণ্য সমূহেৰ গুৰুত্ব ও ভূমিকা তুলে ধৰা যাতে কৰে জৈব পণ্য ব্যবহার বাড়ানো যায়। বক্তাৰা জৈব পণ্য ব্যবহাৰে সচেতনতা বৃদ্ধি, উদ্ভাবন ও প্রচাৰেৰ উপৰ জোর দেন।

Health Camp :

দক্ষিণ জেলাৰ রতনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্ৰেৰ উত্তৰ সোনাইছড়ি আয়ুৰ্হ্মান আৰোগ্য মন্দিৰেৰ উদ্যোগে শত্ৰুঘ্ন পাড়া উচ্চতৰ মাধ্যমিক বিদ্যালয়ে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে চিকিৎসকৰা ১১৫ জন ছাত্ৰ-ছাত্ৰীৰ দাঁত পরীক্ষা কৰে সঠিকভাবে দাঁতেৰ স্বাস্থ্য রক্ষাৰ বিষয়ে সচেতনতামূলক পরামৰ্শ দেন।

SaiBaba Utsab :

আজ থেকে বিলোনীয়ার মাইছড়া কলাবাড়িয়া এলাকায় সাঁই বাবার মন্দিরে তিনদিনব্যাপী বাৎসরিক উৎসব শুরু হচ্ছে। উৎসব শেষ হবে ১১ই জুলাই। উৎসবকে ঘিরে পূন্যার্থীদের মধ্যে প্রতিবছরই উদ্দীপনা লক্ষ করা যায়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।
